



মিরপুরে সনি সিনেমা হলের সামনে বাসে অগ্নিসংযোগ



সংগৃহীত ছবি

রাজধানীর মিরপুরে সনি সিনেমা হলের সামনে দুর্বৃত্তদের দেওয়া আগুনে একটি যাত্রীবাহী বাস পুড়ে গেছে। আজ বুধবার (১২ নভেম্বর) দুপুর সাড়ে ১২টার পর মিরপুর-১ নম্বর এলাকায় এ অগ্নিসংযোগের ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মোটরসাইকেলে আসা কয়েকজন মুখোশধারী ব্যক্তি হঠাৎ করেই 'শতাব্দী পরিবহণ'-এর একটি বাসে আগুন দেয়। মুহূর্তেই আগুনের লেলিহান শিখায় বাসটি ঘিরে ফেলে ধোঁয়ায় এলাকা অন্ধকার হয়ে যায়। আতঙ্কে আশপাশের লোকজন ছুটোছুটি করে নিরাপদে সরে যায়।

অগ্নিসংযোগের পর পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। পুলিশ ঘটনাস্থল ঘিরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলেও স্থানীয়দের মধ্যে এখনো ভীতি বিরাজ করছে।

LENS ASIA